**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৯-৭৮ তারিখঃ২৮-০৪-২০২৫খ্রিঃ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিতে অন্তর্ভূক্ত প্রকল্প/কর্মসূচি সমূহের (ফেব্রুয়ারি,২০২৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ২৩/০৩/২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতি (ফেব্রুয়ারি,২০২৫ পর্যন্ত) বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী এডিপি সভার (মার্চ,২০২৫ পর্যন্ত) কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে আবশ্যিকভাবে আগামী ২০-০৪-২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে সফট কপি ই-মেইলের মাধ্যমে (e-mail:kowkhali_das@yahoo.com) ও হার্ড কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ (ছয়) পৃষ্ঠা।

২৮/০৪/২০২৫
মোহাম্মদ এমদাদুল হক
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৫৫০২৮৪৫০
e-mail: repon303@yahoo.co

**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। কম্পোনেন্ট ডাইরেক্টর, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), ঢাকা।
২। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প।
৫। প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
৬। এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন,এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)" শীর্ষক প্রকল্প, ঢাকা।
৭। কর্মসূচি পরিচালক, পেয়ারা প্রক্রিয়াজাতকরণ, ব্রান্ডিং ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। প্রোগ্রামার (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচিসমূহের (ফেব্রুয়ারি/২০২৫ পর্যন্ত) সময়ের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

সভাপতি: নাসির-উদ-দৌলা
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কৃষি বিপণন অধিদপ্তর।

স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।

সময় : দুপুর ১২.০০ টা।

তারিখ : ২৩ মার্চ, ২০২৫ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : **পরিশিষ্ট-'ক'** ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং তিনি কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচি'র ফেব্রুয়ারি,২০২৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যপত্র অনুযায়ী পর্যায়ক্রমে উপস্থাপনের জন্য উপ পরিচালক (পিপি) কে অনুরোধ জানান। উপ পরিচালক (পিপি) সভাপতির নির্দেশনা মোতাবেক সভার কার্যক্রম শুরু করেন।

**১। আলোচ্য বিষয়সমূহঃ**

**১.১। গত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

গত ২৬/০২/২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয়। মহাপরিচালকের অনুমোদনক্রমে গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**২। ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচিসমূহের বাস্তবায়ন অগ্রগতিঃ**

**২.১।** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক ২০২৪-২৫ অর্থ বছরের বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প, কর্মসূচি'র কার্যক্রম এবং বিগত সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি ইত্যাদি বিষয় সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ০৬টি প্রকল্পে ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি মোতাবেক মোট ৩২৫.২২ কোটি টাকা এবং ০১টি কর্মসূচি'র অনুমোদিত পিপিএনবি মোতাবেক মোট ১৩৯.০০ লক্ষ টাকার বরাদ্দ ছিল। ০৬টি প্রকল্পের আওতায় ফেব্রুয়ারি,২০২৫ পর্যন্ত ১৬৫.৮৯ কোটি (৫১.০১%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে ফেব্রুয়ারি,২০২৫ পর্যন্ত ৭৮.০৭ কোটি (২৪%) টাকা ব্যয় করা হয়। এছাড়া কর্মসূচি'র বিপরীতে ৪৯.৫০ লক্ষ (৩৫.৬১%) টাকা ছাড় করা হয় এবং ফেব্রুয়ারি,২০২৫ পর্যন্ত ৪৯.১৯ লক্ষ (৩৫.৩৯%) টাকা ব্যয় করা হয়।

**২.২। প্রকল্প ভিত্তিক অগ্রগতির পর্যালোচনাঃ**

২০২৪-২৫ অর্থ বছরের ফেব্রুয়ারি,২০২৫ পর্যন্ত প্রকল্প ও কর্মসূচিভিত্তিক আরএডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাব নিম্নে উপস্থাপন করা হলো।

## ক) প্রকল্পসমূহের এডিপি বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ (ফেব্রুয়ারি,২০২৫ পর্যন্ত)

(কোটি টাকায়)

| ক্রঃ নং | প্রকল্পের নাম | এডিপি বরাদ্দ (২০২৪-২৫ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় (বরাদ্দের শতাংশ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অংশ) | ৭৩.২৫ | ১৯.২৫ | ৫৪.০০ | ৩৭.৪৬ (৫১.৫৪%) | ১৩.৫৪ (৭২.৪৭%) | ২৩.৫১ (৪৩.৫৪%) | ২৮.০৫ (৩৮.২৯%) | ৭.৯০ (৪১.০৪%) | ২০.১৫ (৩৭.৩১ %) |
| ২ | এসডিএএমপি | ১০০.০০ | ১০০.০০ | ০ | ৫০.০০ (৫০%) | ৫০.০০ (৫০%) | ০ | ২২.৯৩ (২২.৯৩%) | ২২.৯৩ (২২.৯৩%) | ০ |
| ৩ | পেঁয়াজ রসুন প্রকল্প | ৪.৩১ | ৪.৩১ | ০ | ৩.২১ (৭৪.৪৮%) | ৩.২১ (৭৪.৪৮%) | ০ | ২.৬০ (৬০.৩২%) | ২.৬০ (৬০.৩২%) | ০ |
| ৪ | আলুর প্রকল্প | ১৩.৭০ | ১৩.৭০ | ০ | ৮.৬৩ (৬৩.০০%) | ৮.৬৩ (৬৩.০০%) | ০ | ৫.৪৫ (৩৯.৭৪%) | ৫.৪৫ (৩৯.৭৪%) | ০ |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ১১৫.৩১ | ১৯.৩১ | ৯৬.০০ | ৫৭.৬৬ (৫০.০০%) | ৯.৬৬ (৫০.০৩%) | ৪৮.০০ (৫০.০০%) | ১৫.৭০ (১৩.৬২%) | ২.৯৬ (১৫.৩৩%) | ১২.৭৪ (১৩.২৭ %) |
| ৬ | শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প | ১৮.৬৫ | ১৮.৬৫ | ০ | ৮.৯৩ (৪৭.৮৮ %) | ৮.৯৩ (৪৭.৮৮%) | ০ | ৩.৩৪ (১৭.৯১%) | ৩.৩৪ (১৭.৯১%) | ০ |
| | **সর্বমোট** | **৩২৫.২২** | **১৭৫.২২** | **১৫০.০০** | **১৬৫.৮৯ (৫১.০১%)** | **৯৪.৩৮ (৫৩.৮৬ %)** | **৭১.৫১ (৪৭.৬৭%)** | **৭৮.০৭ (২৪.০০%)** | **৪৫.১৮ (২৫.৭৮%)** | **৩২.৮৯ (২১.৯৩ %)** |

## খ) কর্মসূচির বরাদ্দ, অবমুক্ত ও ব্যয়ের হিসাবঃ (ফেব্রুয়ারি,২০২৫ পর্যন্ত)

(লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | বরাদ্দ (২০২৪-২৫ ) | | | অবমুক্ত (বরাদ্দের শতাংশ) | | | ব্যয় (বরাদ্দের শতাংশ) | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল | মোট | জিওবি | পিএল |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১ | পেঁয়ারা কর্মসূচি | ১৩৯.০০ | ১৩৯.০০ | ০ | ৪৯.৫০ (৩৫.৬১%) | ৪৯.৫০ (৩৫.৬১%) | ০ | ৪৯.১৯ (৩৫.৩৯%) | ৪৯.১৯ (৩৫.৩৯%) | ০ |
| | | **১৩৯.০০** | **১৩৯.০০** | **০** | **৪৯.৫০ (৩৫.৬১%)** | **৪৯.৫০ (৩৫.৬১%)** | **০** | **৪৯.১৯ (৩৫.৩৯%)** | **৪৯.১৯ (৩৫.৩৯%)** | **০** |

## ২.৩ দরপত্র পর্যালোচনাঃ

২০২৪-২৫ অর্থ বছরের কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকূলে মোট ৭৬টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত দরপত্র/প্যাকেজসমূহের মধ্যে ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত ৬৮ টি (৮৯.৪৭%) দরপত্র আহবান করা হয় তন্মধ্যে ৬৪ টি (৮৪.২১%) কার্যাদেশ প্রদান করা হয়। ২০২৪-২৫ অর্থ বছরে কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুকুলে আরএফকিউ পদ্ধতিতে মোট ৩১টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্র নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে ফেব্রুয়ারি, ২০২৫ পর্যন্ত ২৮টি (৯০.৩২%) দরপত্র আহবান করা হয় এবং ২৮টি (৯০.৩২%) কোটেশনের কার্যদেশ প্রদান করা হয়। এছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন ১টি কর্মসূচি'র অনুকুলে ১টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলেও কোনো কার্যাদেশ প্রদান করা হয়নি। আরএফকিউ পদ্ধতিতে মোট ৩ টি দরপত্র আহবানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। উক্ত কোটেশনসমূহের মধ্যে কোনো কোটেশন আহবান করা হয়নি।

**প্রকল্প ও কর্মসূচি অনুযায়ী দরপত্র অগ্রগতি নিম্নরূপঃ**

(ক) প্রকল্পের দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ (ফেব্রুয়ারি,২০২৫ পর্যন্ত)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | এসএসিপি প্রকল্প (ডিএএম অঙ্গ) | ৩২ | ৩২ | ৩১ | ৭ | ৭ | ৭ |
| ২ | এসডিএএমপি | ৩ | ১ | ১ | ৩ | ৩ | ৩ |
| ৩ | পেঁয়াজ,রসুন প্রকল্প | ৮ | ৮ | ৮ | ৪ | ৪ | ৪ |
| ৪ | আলুর প্রকল্প | ৬ | ৬ | ৫ | ২ | ২ | ২ |
| ৫ | পার্টনার (পার্ট ডিএএম অংগ) প্রকল্প | ১৪ | ০৯ | ৭ | ৬ | ৪ | ৪ |
| ৬ | শস্য গুদাম ডিজিটালাইজেশন প্রকল্প | ১৩ | ১২ | ১২ | ৯ | ৮ | ৮ |
| | **সর্বমোট** | **৭৬** | **৬৮** | **৬৪** | **৩১** | **২৮** | **২৮** |

(খ) কর্মসূচির দরপত্রের অগ্রগতি নিম্নরূপঃ (ফেব্রুয়ারি,২০২৫ পর্যন্ত)

| ক্রঃ নং | কর্মসূচির নাম | দরপত্র সংক্রান্ত তথ্য | | | ক্রয় সংক্রান্ত তথ্য | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | দরপত্রের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ | কোটেশনের লক্ষ্যমাত্রা | দরপত্র আহবান | কার্যাদেশ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | পেঁয়ারা কর্মসূচি | ৩ | ০ | ০ | ২ | ০ | ০ |
| | **সর্বমোট** | **৩** | **০** | **০** | **২** | **০** | **০** |

**৩.০। আলোচ্য বিষয়ঃ গত ২৬ ফেব্রযারি, ২০২৫ তারিখে অনুষ্ঠিত সভায় গ্রহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

| ক্রঃ নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ৩.১ | (ক) প্রকল্পের আওতায় নির্বাচিত উদ্যোক্তাদের প্রশিক্ষণ আয়োজন, নির্বাচিত গ্রুপগুলোতে ম্যাচিং গ্র্যান্ট এর শর্তাবলী সম্পর্কে ধারণা প্রদান এবং প্রকল্পের আরডিপিপিতে নেই এমন কোন বিষয় ক্রয়/সংগ্রহ করা যাবেনা।<br>(খ) ম্যাচিং গ্র্যান্ট সমিতির মাধ্যমে অথবা দলভুক্ত কৃষক/প্রক্রিয়াজাতকারীদের সঠিকভাবে যাচাই/বাছাই করে ম্যাচিং গ্রান্ড প্রদান করতে হবে। | কম্পোনেন্ট ডাইরেক্টর, (এসএসিপি) (বিপণন অংগ) | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প হতে জানানো হয়েছে। |
| ৩.২ | ক) প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি না করে এক বছর বৃদ্ধির জন্য প্রেরিত আরডিপিপি বিষয় মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) প্রকল্পের মেয়াদকালীন সময়ের মধ্যে প্রকল্পের আওতায় সংগ্রহীত সকল স্থাপনার কাগজ পত্র সংগ্রহ পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। | কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত) প্রকল্প। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প হতে জানানো হয়েছে। |
| ৩.৩ | (ক) প্রকল্পের আওতায় নির্মিত ২০২৪-২০২৫ অর্থবছরে আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে এবং আলু সংরক্ষণ নিশ্চিত করতে হবে।<br>(খ) আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর | প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প | (ক) প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থবছরের ২৩১টি মডেল ঘর নির্মাণের বিপরীতে ১৬৮টি মডেল ঘরের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ৬৩টি মডেল ঘরের কাজ এপ্রিল/ ২০২৫ এর |

| ক্রঃ নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| | নির্মাণ কাজের একটি পুর্নাঙ্গ ভিডিও তৈরীপূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | | মধ্যে সম্পন্ন করা হবে মর্মে প্রকল্প হতে জানানো হয়েছে।<br>(খ) সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প হতে জানানো হয়েছে। |
| ৩.৪ | (ক) প্রকল্পের আওতায় নির্মিত পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘরের নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করে পেঁয়াজ মৌসুমে সর্বাধিক সংখ্যক ঘরে পেঁয়াজ সংরক্ষণ নিশ্চিত করতে হবে।<br>(খ) পেঁয়াজ ও রসুন সংরক্ষণ মডেল ঘর নির্মাণ কাজের একটি পুর্নাঙ্গ ভিডিও তৈরীপূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প হতে জানানো হয়েছে। |
| ৩.৫ | (ক) প্রকল্পের দরপত্রের কার্যক্রমে যথাযথ প্রক্রিয়া অবলম্বন করে বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির উর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে।<br>(খ) পণ্য গ্রহণের সময় মালামাল গ্রহণ কমিটি কর্তৃক প্রত্যায়ন পূর্বক বিল পরিশোধ করতে হবে। জেলা পর্যায়ে প্রেরিত মালামাল গ্রহণের সময় জেলা কর্মকর্তাদের উপস্থিত নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প হতে জানানো হয়েছে। |
| ৩.৬ | (ক) প্রকল্পের আওতায় তৈরীকৃত "সফল উদ্যোক্তাদের গল্প" বই আকারে মূদ্রণ করে কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।<br>(খ) প্রকল্পে আরডিপিপিতে কৃষি বিপণন অধিদপ্তরের বিভাগীয় কার্যালয়, রাজশাহী অফিসের উর্ধ্বমূখী সম্প্রসারন বিষয় অন্তর্ভূক্ত করতে হবে। | এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর (পার্টনার-ডিএএম অংগ) | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প হতে জানানো হয়েছে। |
| ৩.৭ | যে সকল প্রকল্পে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান রয়েছে সে সকল প্রকল্প কর্তৃপক্ষ যথাসম্ভব দেশীয় যন্ত্রপাতি ক্রয় নিশ্চিত করবেন। আমদানীকৃত কৃষি যন্ত্রপাতি ক্রয় করতে হলে মন্ত্রণালয়ের পূর্বানুমোদন নিতে হবে। ক্রয়তব্য কৃষি যন্ত্রপাতির তালিকা আগামী ১০ কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প ও কর্মসূচি হতে জানানো হয়েছে। |
| ৩.৮ | প্রকল্পের দরপত্রের কার্যক্রমে সক্ষমতা বৃদ্ধি করতে হবে। দরপত্র কার্যক্রম বিধি মোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির উর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প ও কর্মসূচি হতে জানানো হয়েছে। |

| ক্রঃ নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়ন অগ্রগতি (প্রকল্প কার্যালয় হতে প্রাপ্ত) |
|---|---|---|---|
| ৩.৯ | জলবায়ু ট্রাস্ট ফান্ডের অর্থায়নে প্রস্তাবিত মিনি কোল্ড স্টোরেজ নির্মাণ প্রকল্পের আওতায় যে সব স্থানে কোল্ড স্টোরেজ প্রয়োজন তার তালিকা আগামী ০৮ মার্চ ২০২৫ তারিখের মধ্যে কৃষি মন্ত্রণায়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে। | ফেকাল পয়েন্ট কোল্ড স্টোরেজ স্থাপন, কৃষিপণ্য সংগ্রহত্তোর ব্যবস্থাপনা ও বিপণন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প | কার্যক্রম চলমান রয়েছে মর্মে সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট জানিয়েছেন। |
| ৩.১০ | প্রকল্প মনিটরিং/পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শন ক্যালেন্ডার পূর্ব থেকেই প্রেরণ করতে হবে। প্রকল্পের মনিটরিং কর্মকর্তাগণ সঠিকভাবে প্রকল্প পরিদর্শন করবেন এবং সংস্থা প্রধান (সকল) বিষয়টি তদারকি করবেন। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প ও কর্মসূচি হতে জানানো হয়েছে। |
| ৩.১১ | (ক) প্রতিটি প্রকল্পের ক্রয় সংক্রান্ত কার্যক্রমের অভ্যন্তরীণ পোস্ট প্রকিউরম্যান্ট অডিট কৃষি মন্ত্রণালয় থেকে করাতে হবে বিধায় প্রত্যেক প্রকল্পের ক্রয় প্রক্রিয়া সচ্ছতার সাথে করতে হবে।<br>(খ) কৃষি বিপণন অধিদপ্তরের সকল প্রকল্পের প্রকল্প পরিচালককে অবশ্যই এডিপি পর্যালোচনা সভার প্রথম থেকে শেষ পর্যন্ত সংযুক্ত থাকতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। | সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প ও কর্মসূচি হতে জানানো হয়েছে। |

**৪। বিবিধঃ** কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৪-২৫ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহ ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল কর্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। অর্থবছরের ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (এসএসিপি) (বিপণন অংগ), প্রকল্পের আওতায় নির্বাচিত উদ্যেক্তাদের প্রশিক্ষণ আয়োজন, নির্বাচিত গ্রুপগুলোতে ম্যাচিং গ্র্যান্ট এর শর্তাবলী সম্পর্কে ধারণা প্রদান এবং প্রকল্পের আরডিপিপিতে নেই এমন কোন বিষয় ক্রয়/সংগ্রহ করা হতে বিরত থাকতে সভাপতি পুনরায় নির্দেশনা প্রদান করেন।

কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি না করে এক বছর বৃদ্ধির জন্য প্রেরিত আরডিপিপি বিষয় মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যহত রাখতে হবে। ইতোমধ্যে নির্মিত ০৫টি নতুন ভবনের অফিস স্থানন্তের জন্য এবং পরবর্তী নির্মাণাধীন ০৫টি ভবনে অফিস স্থানন্তের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্পের মেয়াদকালীন সময়ের মধ্যে প্রকল্পের আওতায় সংগ্রহীত সকল স্থাপনার কাগজ পত্র সংগ্রহ পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের প্রশাসন শাখায় প্রেরণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত ২০২৪-২০২৫ অর্থবছরে আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে সমাপ্তকরণঃ এবং আলু সংরক্ষণ নিশ্চিত করণঃসহ এবং সিডিউল ও স্পেসিফিকেশন অনুযায়ী মডেল ঘরের মাপ/সাইজ যেন সঠিক থাকে সেদিকে খেয়াল রাখতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ কাজের একটি পুর্নাঙ্গ ভিডিও তৈরীপূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্পের আওতায় নির্মিত পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘরের নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে সমাপ্তকরতঃ পেঁয়াজ মৌসুমে সর্বাধিক সংখ্যক ঘরে পেঁয়াজ সংরক্ষণ নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। পেঁয়াজ ও রসুন সংরক্ষণ মডেল ঘর নির্মাণ কাজের একটি পুর্নাঙ্গ ভিডিও তৈরীপূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্পের দরপত্রের কার্যক্রমে যথাযথ প্রক্রিয়া অবলম্বন করে বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির উর্দ্ধে উঠে সম্পাদন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া পণ্য গ্রহণের সময় মালামাল গ্রহণ কমিটি কর্তৃক প্রত্যায়ন পূর্বক বিল পরিশোধ করতে হবে। জেলা পর্যায়ে প্রেরিত মালামাল গ্রহণের সময় জেলা কর্মকর্তাদের উপস্থিত নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফর্মেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এন্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ) প্রকল্পের যাবতীয় কার্যক্রম আরএডিপি বরাদ্দ অনুযায়ী নির্ধারিত সময়ে শেষ করতে পুনরায় সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের প্রশিক্ষণ ও মাঠ দিবসের ব্যয় কমানোর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২০২৪-২৫ অর্থবছরের চলমান সকল প্রকল্পের ডিপিপি'তে সন্নিবেশিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকিউরমেন্টের কাজ বিধিমোতাবেক যথাযথ ও সময়মতো সম্পন্ন এবং যে সকল প্রকল্পে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান রয়েছে সে সকল প্রকল্প কর্তৃপক্ষ যথাসম্ভব দেশীয় যন্ত্রপাতি ক্রয় নিশ্চিত করবেন। আমদানীকৃত কৃষি যন্ত্রপাতি ক্রয় করতে হলে মন্ত্রণালয়ের পূর্বানুমোদন নিতে হবে। চলমান অর্থবছরে সমাপ্তের জন্য নির্ধারিত প্রকল্পসমূহ যথাযথ ও গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। প্রকল্পের মেয়াদ ও ব্যয় কোন অবস্থাতেই বৃদ্ধি করা যাবে না। প্রকল্প মনিটরিং/পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শন ক্যালেন্ডার পূর্ব থেকেই প্রেরণ করতে হবে। প্রকল্পের মনিটরিং কর্মকর্তাগণ সঠিকভাবে প্রকল্প পরিদর্শন করবেন এবং সংস্থা প্রধান (সকল) বিষয়টি তদারকি করবেন। প্রকল্পের প্রশিক্ষণ, উদ্যোক্তাদের ম্যাচিং গ্র্যান্টের সুবিধা প্রদান কার্যক্রমের ভিডিও অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্প পরিদর্শনের সময় প্রকল্প বাস্তবায়নে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নির্ধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনয়ন এবং প্রকল্প ও কর্মসূচি সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | (ক) প্রকল্পের আওতায় নির্বাচিত উদ্যোক্তাদের প্রশিক্ষণ আয়োজন, নির্বাচিত গ্রুপগুলোতে ম্যাচিং গ্র্যান্ট এর শর্তাবলী সম্পর্কে ধারণা প্রদান এবং প্রকল্পের আরডিপিপিতে নেই এমন কোন বিষয় ক্রয়/সংগ্রহ করা যাবেনা। | কম্পোনেন্ট ডাইরেক্টর, (এসএসিপি) (বিপণন অংগ) |
| ৫.২ | ক) প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি না করে এক বছর বৃদ্ধির জন্য প্রেরিত আরডিপিপি বিষয় মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br>(খ) প্রকল্পের মেয়াদকালীন সময়ের মধ্যে প্রকল্পের আওতায় সংগ্রহীত সকল স্থাপনার কাগজ পত্র সংগ্রহ পূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>কৃষি বিপণন অধিদপ্তর<br>জোরদারকরণ (১ম সংশোধিত)<br>প্রকল্প। |

| ক্রঃ নং | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.৩ | (ক) আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে এবং আলু সংরক্ষণ নিশ্চিত করতে হবে।<br>(খ) আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ কাজের একটি পুর্নাঙ্গ ভিডিও তৈরীপূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প |
| ৫.৪ | (ক) পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘরের নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করে পেঁয়াজ মৌসুমে সর্বাধিক সংখ্যক ঘরে পেঁয়াজ সংরক্ষণ নিশ্চিত করতে হবে।<br>(খ) পেঁয়াজ ও রসুন সংরক্ষণ মডেল ঘর নির্মাণ কাজের একটি পুর্নাঙ্গ ভিডিও তৈরীপূর্বক কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। | প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প |
| ৫.৫ | পণ্য গ্রহণের সময় মালামাল গ্রহণ কমিটি কর্তৃক প্রত্যায়ন পূর্বক বিল পরিশোধ করতে হবে। জেলা পর্যায়ে প্রেরিত মালামাল গ্রহণের সময় জেলা কর্মকর্তাদের উপস্থিত নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প |
| ৫.৬ | প্রকল্পের যাবতীয় কার্যক্রম আরএডিপি বরাদ্দ অনুযায়ী নির্ধারিত সময়ে শেষ করতে হবে। | এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর (পার্টনার-ডিএএম অংগ) |
| ৫.৭ | যে সকল প্রকল্পে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের সংস্থান রয়েছে সে সকল প্রকল্প কর্তৃপক্ষ যথাসম্ভব দেশীয় যন্ত্রপাতি ক্রয় নিশ্চিত করবেন। আমদানীকৃত কৃষি যন্ত্রপাতি ক্রয় করতে হলে মন্ত্রণালয়ের পূর্বানুমোদন নিতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৮ | (ক) প্রকল্প/কর্মসূচির প্রশিক্ষণ, উদ্যোক্তা উন্নয়ন ও উদ্যোক্তাদের ম্যাচিং গ্র্যান্টের সুবিধা প্রদান কার্যক্রমের ভিডিও অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(খ) প্রকল্প/ কর্মসূচি পরিদর্শনের সময় প্রকল্প/কর্মসূচি'র বাস্তবায়নে সমস্যা ও চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে প্রতিবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |
| ৫.৯ | (ক) প্রকল্প মনিটরিং/পরিদর্শনের ক্ষেত্রে পরিদর্শন ক্যালেন্ডার পূর্ব থেকেই প্রেরণ করতে হবে। প্রকল্পের মনিটরিং কর্মকর্তাগণ সঠিকভাবে প্রকল্প পরিদর্শন করবেন এবং সংস্থা প্রধান (সকল) বিষয়টি তদারকি করবেন।<br>(খ) ২০২৪-২৫ অর্থ বছরের আরএডিপি'র বরাদ্দ মোতাবেক শতভাগ ব্যয় নিশ্চিত করতে হবে। | সকল প্রকল্প ও কর্মসূচি পরিচালক। |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাসির-উদ্-দৌলা ১৫/৪/২৫
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কৃষি বিপণন অধিদপ্তর।